দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



তারিখ 0 8 MAR 1988
পৃষ্ঠা 5 কলাম 7

# স্কুল-কলেজের কোচিং ফি

বহু লেখালেখি সত্ত্বেও পুরো দমে চলছে কোচিং অর্থাৎ পরীক্ষার্থীদের জন্য বিশেষ ক্লাস নেয়ার ব্যবসা। কর্তৃপক্ষের দৃষ্টির অভাবে মাসিক বেতনের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের নিকট থেকে জোরপূর্বক আদায় করা হচ্ছে এই কোচিং ফি। ঢাকার একটি কলেজে এইচএসসি পরীক্ষার ফরম পূরনের সময় প্রত্যেক ছাত্রছাত্রীর নিকট থেকে ৪৮০ টাকা কোচিং ফি আদায় করা হয়েছে। ফলে বিপদে পড়ছে দরিদ্র ছাত্ররা। গরীব ও মেধাবী ছাত্ররাও রেহাই পাচ্ছে না এই কোচিং ফি থেকে। সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এদিকে আশু দৃষ্টি না দিলে দরিদ্র ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের কষ্টের আর শেষ থাকবে না।

মোঃ মমতাজুর রহমান শামীম
১১ নং পিলখানা, ঢাকা-৫।